

নথি নং -ই/৫-৫/২০১১/৩৪০

তারিখ : ০৮/৭/২০১৯ খ্রিঃ।

অফিস আদেশ

১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী জনাব কাজী নজরুল ইসলাম, উচ্চমান সহকারী, ডাক অধিদপ্তর, ঢাকাকে সৌদি আরবে পবিত্র হজ্জব্রত পালনের উদ্দেশ্যে আগামী ২১/০৭/২০১৯ খ্রিঃ তারিখ হতে ০৮/০৯/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৫০(পঞ্চাশ) দিন বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ সৌদি আরব ভ্রমণের অনুমতি প্রদান করা হলোঃ

- (ক) এ অনুমোদন কেবলমাত্র একবার সৌদি আরব ভ্রমণের জন্য প্রযোজ্য হবে।
- (খ) আলোচ্য ভ্রমণ সংশ্লিষ্ট যাবতীয় খরচ তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন; এতে বাংলাদেশ সরকারের কোন দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না।
- (গ) মঞ্জুরকৃত ছুটি কোনোক্রমেই বর্ধিত করা যাবে না ; অত্যাবশ্যিকীয় কারণে ছুটি বর্ধিত করার প্রয়োজন হলে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশি দূতাবাস মারফত উক্ত আবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।
- (ঘ) তিনি ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশি মুদ্রায় গ্রহণ করবেন।
- (ঙ) অনুমোদিত সময়ের মধ্যে তিনি যথানিয়মে দেশে ফিরে স্বীয় কর্মস্থলে যোগদান করবেন।

স্বাক্ষরিত/-

(এস.এম শাহাব উদ্দীন)
পরিচালক (কর্মী ও সংস্থাপন)
ফোন-৯৫৫৮০৪০।

নথি নং -ই/৫-৫/২০১১/৩৪০

তারিখ : ০৮/৭/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৩। পরিচালক(হিসাব), ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (ডাক), ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা (ডাক বিভাগের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৬-৮। ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ঢাকা। তাঁর পত্র নং-প্রশাসন/এম-৪২৭(১৮)-২; তারিখঃ ০৩.০৭.২০১৯ খ্রিঃ এর বরাতে।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা(বরাদ্দ), ডাক অধিদপ্তর, ঢাকা।
- ১১। জনাব কাজী নজরুল ইসলাম, উচ্চমান সহকারী, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি।

শাখা কর্মকর্তা (সংস্থাপন)
ফোন-৯৫৬৮৪১৫।